



চাঁদপুরে প্রধানমন্ত্রীর সফর, জনসভাসহ থাকছে নানা কর্মসূচি



প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

চাঁদপুর সফরে যাচ্ছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। সফরকালে তিনি বেশ কয়েকটি উন্নয়ন প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন। পাশাপাশি একটি জনসভায় বক্তব্য দেওয়ারও কথা রয়েছে।

শনিবার (২ মে) চাঁদপুর-৩ আসনের সংসদ সদস্য শেখ ফরিদ আহমেদ মানিক গণমাধ্যমকে বিষয়টি নিশ্চিত করেন। প্রধানমন্ত্রীর এই সফরকে ঘিরে ইতোমধ্যে জেলা জুড়ে প্রস্তুতি শুরু হয়েছে।

সফর উপলক্ষে শনিবার সকালে জেলা বিএনপির শীর্ষ নেতাদের সঙ্গে নিয়ে সম্ভাব্য অনুষ্ঠানস্থলগুলো পরিদর্শন করেন সংসদ সদস্য মানিক। তিনি চাঁদপুর সরকারি কলেজ মাঠ ও পৌর অডিটোরিয়ামসহ বিভিন্ন স্থান ঘুরে দেখেন।

পরিদর্শনের সময় অবকাঠামোগত অবস্থা, নিরাপত্তা ব্যবস্থা এবং জনসমাগম নিয়ন্ত্রণ নিয়ে সংশ্লিষ্টদের সঙ্গে বিস্তারিত আলোচনা করেন তিনি। যাতে সফর নির্বিঘ্ন ও সুশৃঙ্খলভাবে সম্পন্ন করা যায়, সে বিষয়ে প্রয়োজনীয় দিকনির্দেশনাও দেন।

এর আগে শুক্রবার (১ মে) চাঁদপুর সদর উপজেলার শাহমাহমুদপুর ইউনিয়নের ঘোষেরহাট এলাকায় খাল পুনঃখনন প্রকল্পের উদ্বোধনস্থল পরিদর্শন করা হয়। এই প্রকল্পটিও প্রধানমন্ত্রীর সফরের গুরুত্বপূর্ণ অংশ হিসেবে বিবেচিত হচ্ছে।

দলীয় সূত্র জানায়, অতীতে শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান নিজে উপস্থিত থেকে এই খালের খনন কার্যক্রম শুরু করেছিলেন। দীর্ঘদিন অবহেলায় পড়ে থাকার পর এখন খালটি পুনরুদ্ধারের উদ্যোগ নেওয়া হয়েছে, যা আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী তারেক রহমান।